

বুশকে নিয়ে বুশের গোপন প্রকল্প


সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ দুবছর ধরে গোপনে একটি বইয়ের কাজ করছেন বলে খবর পাওয়া গেছে। গোপনীয়তা বজায় রাখতে তিনি কোনো প্রকাশনা সংস্থার সঙ্গেও চুক্তি করেননি। কারো

সঙ্গে এ ব্যাপারে আলোচনাও করেননি। সবাই জানে তিনি অবসরে ছবি আঁকেন। কিন্তু গোপনে তিনি যে একটি বিশেষ বইও লিখছেন তা শুধু জানেন তার পরিবারের সদস্য ও পারিবারিক বন্ধুরা। যতদূর জানা গেছে, বইটি তিনি তার বাবা সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ

এইচ ডব্লিউ বুশকে নিয়ে লিখছেন। বইটি ব্যক্তিগত পর্যায়ের বলেই এত গোপনীয়তা রক্ষা করা হচ্ছে বলে অনেকের ধারণা।



মস্তিষ্ক নিয়ে ভুল ধারণা



প্রচলিত ধারণা হচ্ছে, মানুষ তার পুরো জীবনে মস্তিষ্কের মাত্র ১০ শতাংশ ব্যবহার করার সুযোগ পায়। বহু বছর ধরে এই ধারণা ও বিশ্বাস টিকে আছে। সম্প্রতি এই মিথকে চ্যালেঞ্জ করেছেন ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের নিউরোসাইকোলজির অধ্যাপক বারবারা সাহাকিন। তিনি জানিয়েছেন, 'মস্তিষ্কের ১০ শতাংশ ব্যবহার করার

যে মিথ প্রচলিত আছে, তার কোনো মানে হয় না।' তার যুক্তি, মানুষের পুরো মস্তিষ্ক সব সময় সক্রিয় থাকে। তিনি আরো জানান, মস্তিষ্কের স্নায়ু, স্নায়ুকোষ ইত্যাদি চিন্তা করতে ভূমিকা রাখে এবং এগুলো সব সময় কোনো না কোনো কাজ করছে। তার দাবি, মানুষ যে মস্তিষ্কের বাকি ৯০ শতাংশ ব্যবহার করে না, তার কোনো বৈজ্ঞানিক প্রমাণ নেই।



জার্মানদের ভাঙা বিশ্বকাপ!

আর্জেন্টিনাকে হারিয়ে ২০১৪ ফিফা বিশ্বকাপ ঘরে নিয়ে গেছে জার্মানি। জার্মানদের আনন্দের রেশ নিশ্চয়ই এখনো কাটেনি! কিন্তু এই আনন্দের পাশাপাশি একটি মন খারাপ করা খবরও রয়েছে। বিশ্বকাপের যে রেপলিকা বা প্রতিরূপ জার্মান ফুটবল দল বাড়ি নিয়ে গেছে, তার একটি অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ট্রফির একটি কোনো ভেঙে গেছে। বিষয়টি নিশ্চিত করেছেন খোদ জার্মান ফুটবল অ্যাসোসিয়েশনের প্রধান উলফগ্যাং নিয়েসবাখ। দর্শকদের ট্রফি দেখাতে গিয়েই এই দুর্ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। কিন্তু কে ভেঙেছে তা নিশ্চিত হওয়া যায়নি। ট্রফি মেরামত এবং তদন্ত চলছে।



পূর্ণতা পেল বরফ যুগের ভাস্কর্য

১৯৩১ সালে প্রত্নতাত্ত্বিকরা জার্মানির ভোগলহার্ড গুহায় হাতির দাঁতের তৈরি একটি মিনিয়চার ভাস্কর্যের সন্ধান পেয়েছিলেন। এটি ছিল সিংহের ত্রিমাত্রিক অবয়ব। কিন্তু সিংহের মাথার অংশ তখন পাওয়া যায়নি। এর বিশেষত্ব হলো এটি বরফ যুগের প্রত্ননিদর্শন। কমপক্ষে ৪০ হাজার বছরের প্রাচীন। ৮০ বছর পর জার্মানির টুবিঙ্গেন বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক একই গুহা থেকে মাথাটি উদ্ধার করতে সক্ষম হয়েছেন। মাথাটি মূল ফিগারের সঙ্গে জুড়ে দেয়া হয়েছে। এটি এখন বিশ্ববিদ্যালয়ের জাদুঘরে শোভা পাচ্ছে। উল্লেখ্য, গুহাটি প্রস্তর যুগের অন্যতম গুরুত্বপূর্ণ নিদর্শন।

সবচেয়ে দামি ফেরারি

গাড়িটি পুরনো। ১৯৬৫ সালের মডেল। তারপরও '২৭৫ জিটিবি/সি স্পেশাল' ফেরারি গাড়িটির দাম ২ কোটি ব্রিটিশ পাউন্ড! এর আগে নব্বইয়ের দশকে একই মডেলের একটি ফেরারি ১০ লাখ পাউন্ডে বিক্রি করা হয়েছিল। বর্তমানে পৃথিবীতে এই মডেলের মাত্র ৩টি গাড়ি অবশিষ্ট আছে বলেই এই গাড়ির দাম এমন আকাশছোঁয়া। আগস্টের ১৫ তারিখে গাড়িটি নিলামে তোলা হবে।

১৯৭০ সালের দিকে একজন ব্রিটিশ কর্নেল গাড়িটি কিনেছিলেন। আরএম অকশন নামের নিলাম প্রতিষ্ঠানের ক্যালিফোর্নিয়া শাখা এই নিলামের আয়োজন করছে। তারা আশা করছে, অ্যালুমিনিয়াম বডি'র এই গাড়িটি কমপক্ষে ২ কোটি ব্রিটিশ পাউন্ডে বিক্রি করা যাবে।

—সুদীপ্ত সালাম

